দৈনিক খবর

তারিখ 02 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ৪

চট্টগ্রাম ভার্সিটি

# সন্ত্রাস বন্ধের দাবীতে ধর্মঘটের ৮ম দিন পার হলো

।।স্টাফরিপোর্টার।।

চট্টগ্রাম, ১লা ডিসেম্বর।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস প্রতিরোধের দাবীতে চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্য আহূত লাগাতার ধর্মঘটের আজ রোববার ৮ম দিন অতিবাহিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের সাথে ট্রেন যোগাযোগ ১১ দিন ধরে বন্ধ রয়েছে। *২ এর পাতায় দেখুন*

# সন্ত্রাস বন্ধের দাবীতে

*প্রথম পৃষ্ঠার পর*

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ ও সর্বদলীয় ছাত্র ঐক্যের ডাকে গত ২৩শে নভেম্বর থেকে ধর্মঘট শুরু হয়েছে। ফলে বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হচ্ছে না। বুধবার পর্যন্ত প্রাশাসনিক কার্যক্রমও বন্ধ ছিল। বৃহস্পতিবার থেকে প্রশাসনিক ভবনকে ধর্মঘট কর্মসূচীর আওতামুক্ত রাখা হয়েছে। তা সত্ত্বেও প্রশাসনিক কাজে সৃষ্ট অচলাবস্থা এখনও পুরোপুরি কাটেনি। যাতায়াতে অসুবিধার কারণে কর্মচারীদের অল্পসংখ্যকই অফিসে যেতে পারছেন। ফলে এ লাইনে ট্রেন চলাচলও বন্ধ রয়েছে।

ফতেয়াবাদ থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত রেললাইনের কিছু অংশ গত ২১শে নভেম্বর উপড়ে ফেলা হয়েছে।

তৃতীয় বর্ষ সম্মান শ্রেণীর পরীক্ষা বর্তমানে যথারীতি চলছে। বিশ্ববিদ্যালয়ের ১০ জন ছাত্র শহরে সরকারী বাণিজ্য কলেজ উপকেন্দ্রে পরীক্ষা দিচ্ছে। জীবনের নিরাপত্তার অভাবে তারা বিশ্ববিদ্যালয়ে গিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না আশংকায় তাদের জন্য এ ব্যবস্থা নেয়া হয়েছে। গত ২৪শে নভেম্বর তারা এখানে একটি পরীক্ষা দিয়েছে। আগামীকালও তাদের পরীক্ষা রয়েছে।

সন্ত্রাসের প্রতিবাদে শিক্ষক সমিতি আজ থেকে বিশ্ববিদ্যালয়ে ৩ দিনের কর্মবিরতির কর্মসূচী দিয়েছে। তাদের কর্মসূচীও যথারীতি চলছে।

উল্লেখ্য যে, গত [illegible] ডিসেম্বর থেকে কার্যতঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে লেখাপড়ার অচলাবস্থা চলছে। এটা নিরসনে সরকার এ পর্যন্ত কোন কার্যকরী ব্যবস্থা নেননি।